# BCS প্রিলি. লেকচার শিট গাণিতিক যুক্তি

লেকচার ০৫

## Lecture Contents

- লাভ-ক্ষতি

## লাভ-ক্ষতি

### প্রাথমিক তথ্য

১. **বিক্রয়মূল্য (Selling Price):** কোনো জিনিসপত্র বিক্রি করলে যে মূল্য পাওয়া যায় তাকে বিক্রয়মূল্য বলে।

২. **লাভ (Profit):** ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য বেশি হলে উক্ত বিক্রয়মূল্য হতে ক্রয়মূল্যের অবশিষ্ট অংশ হচ্ছে লাভ।

৩. **ক্ষতি বা লোকসান (Loss):** বিক্রয়মূল্য অপেক্ষা ক্রয়মূল্য বেশি হলে এদের পার্থক্যের পরিমাণকে ক্ষতি বা লোকসান বলে।

* লাভ = বিক্রয়মূল্য – ক্রয়মূল্য

* ক্ষতি = ক্রয়মূল্য – বিক্রয়মূল্য

## টাইপ-০১ ক্রয়মূল্য সংক্রান্ত

**ক্রয়মূল্য (Costprice):** কোন জিনিসপত্র কেনার বা তৈরি করার সময় যে খরচ/ব্যয় হয় তাকে ক্রয়মূল্য বলে।

### টপিক সংক্রান্ত গুরুত্বপূর্ণ উদাহরণ

১. **৭২০ টাকায় ১৭টি বল বিক্রি করায় ৫টি বলের ক্রয়মূল্যের সমান ক্ষতি হয়। প্রতিটি ক্রয়মূল্য কত?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল)- ২০২০]

ক. ৪৫ খ. ৫০
গ. ৫৫ ঘ. ৬০ উ: ঘ

**সমাধান:**

ধরি, একটি বলের ক্রয়মূল্য = $x$ টাকা

বা, ১৭$x$ – ৭২০ = ৫$x$

বা, ১২$x$ = ৭২০

$\therefore x$ = ৬০

২. **একটি শার্ট ৪৫০ টাকায় বিক্রয় করায় ক্রয়মূল্যের $\frac{১}{৮}$ অংশ লাভ হলো। শার্টটির ক্রয়মূল্য কত?** [সহকারী আবহাওয়াবিদ-'০০; জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক-'০৬]

ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ৫০০ টাকা উ: গ

**সমাধান:**

$$\text{ক্রয়মূল্য} = \frac{\text{বিক্রয়মূল্য}}{১ + \frac{১}{৮}} = \frac{৪৫০ \times ৮}{৯} = ৪০০ \text{ টাকা।}$$

### (i) x% লাভে বিক্রয়মূল্য দেয়া থাকলে ক্রয়মূল্য:

$x$% লাভে বিক্রয়মূল্য p টাকা হলে ক্রয়মূল্য $= \frac{(100 \times P)}{100 + x}$

৩. **একটি বই ২৫% লাভে ৩৭৫ টাকায় বিক্রয় করা হলো। বইটির ক্রয়মূল্য কত ছিল?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক- ২০১৮; পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক -'১৫]

ক. ২৭৫ টাকা খ. ৩০০ টাকা
গ. ২৭০ টাকা ঘ. কোনোটিই নয় উ: খ

**সমাধান:**

২৫% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য (১০০ + ২৫) = ১২৫

বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" " ১ " " " $= \frac{১০০}{১২৫}$ "

" " ৩৭৫ " " " $= \frac{১০০ \times ৩৭৫}{১২৫}$ "

= ৩০০ টাকা।

**শর্টকাট:**

বইটির ক্রয়মূল্য $= \frac{১০০ \times ৩৭৫}{১০০ + ২৫}$

$= \frac{১০০ \times ৩৭৫}{১২৫}$ = ৩০০ টাকা।

## (ii) x% ক্ষতিতে বিক্রয়মূল্য দেয়া থাকলে ক্রয়মূল্য:

x% লাভে বিক্রয়মূল্য p টাকা হলে, ক্রয়মূল্য $= \frac{(100 \times P)}{100 - x}$

**8. একটি দ্রব্য 250 টাকায় বিক্রয় করায় বিক্রেতার 25% ক্ষতি হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?**

ক. 300 খ. 330

গ. 350 ঘ. 333.33 **উ: ঘ**

**সমাধান:**

ক্রয়মূল্য $= \frac{100 \times \text{বিক্রয়মূল্য}}{100 - \text{ক্ষতি}} = \frac{250 \times 100}{100 - 25}$

$= \frac{250 \times 100}{75}$

= 333.33 টাকা **(Ans.)**

## (iii) প্রথমে কিছু % লাভে বিক্রয় করে, পরে আবার লাভে বিক্রয় করলে ক্রয়মূল্য:

**৫. একটি বই ১২% লাভে বিক্রয় করা হলো। বইটি আরও বেশি ৬৪ টাকায় বিক্রয় করা হলে ১৭% লাভ হতো। বইটির প্রকৃত মূল্য কত?**

[পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা: ২১]

ক. ১২৮০ টাকা খ. ১৪৫০ টাকা

গ. ১৪৮০ টাকা ঘ. ১৫৫০ টাকা **উ: ক**

**সমাধান:**

১ম ক্ষেত্রে, ১২% লাভে বিক্রয়মূল্য (১০০ + ১২) = ১১২ টাকা

২য় ক্ষেত্রে, ১৭% লাভে বিক্রয়মূল্য (১০০ + ১৭) = ১১৭ টাকা

দুই বিক্রয়মূল্যের পার্থক্য = (১১৭ − ১১২) = ৫ টাকা।

বিক্রয় মূল্য ৫ টাকা বেশি হলে আসল ১০০ টাকা

" " ১ " " " $\frac{১০০}{৫}$ "

∴ " " ৬৪ " " " $\frac{১০০ \times ৬৪}{৫}$

**বিকল্প:**

ক্রয়মূল্য $= \frac{৬৪}{১৭ - ১২} \times ১০০$

$= \frac{৬৪}{৫} \times ১০০ = ১২৮০$ টাকা।

## (iv) প্রথমে কিছু % ক্ষতিতে বিক্রয় করলে, পরে আবার বেশি লাভে বিক্রয় করলে ক্রয়মূল্য:

**৬. একটি মোটর সাইকেল ১২% ক্ষতিতে বিক্রি করা হলো। যদি বিক্রয়মূল্য ১২০০ টাকা বেশি হতো, তাহলে ৮% লাভ হতো। মোটর সাইকেলের ক্রয়মূল্য− [৪০তম বিসিএস]**

ক. ৬০০০ টাকা খ. ৫০০০ টাকা

গ. ৪০০০ টাকা ঘ. ৮০০০ টাকা **উ: ক**

**সমাধান:**

ধরি, মোটর সাইকেলটির ক্রয়মূল্য x টাকা

১২% ক্ষতিতে বিক্রয়মূল্য $= \left(x - \frac{১২x}{১০০}\right)$

$= \left(x - \frac{৩x}{২৫}\right) = \frac{২২x}{২৫}$ টাকা।

৮% লাভে বিক্রয়মূল্য $= \left(x + \frac{৮x}{১০০}\right)$

$= \left(x + \frac{২x}{২৫}\right) = \frac{২৭x}{২৫}$ টাকা।

শর্তমতে, $\frac{২২x}{২৫} + ১২০০ = \frac{২৭x}{২৫}$

বা, $\frac{২৭x}{২৫} - \frac{২২x}{২৫} = ১২০০$

বা, $\frac{৫x}{২৫} = ১২০০$

বা, $\frac{x}{৫} = ১২০০$

∴ x = ৬০০০ **(Ans.)**

**বিকল্প:**

ক্রয়মূল্য $= \frac{১২০০}{১২ + ৮} \times ১০০$

$= \frac{১২০০}{২০} \times ১০০ = ৬০০০$ টাকা। **(Ans.)**

## Teacher's Work

১. ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত? [৪৪তম বিসিএস]
ক. লাভ ২৫% খ. ক্ষতি ২৫%
গ. লাভ ১০% ঘ. ক্ষতি ৫০% উ: ঘ

২. একজন দোকানদার $7\frac{1}{2}\%$ ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য 10% কম হতো এবং বিক্রয়মূল্য 31 টাকা বেশি হতো, তাহলে তার 20% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত? [৩৬তম বিসিএস/১৬তম বিসিএস]
ক. 100 টাকা খ. 200 টাকা
গ. 300 টাকা ঘ. 400 টাকা উ: খ

৩. একটি প্যান্ট ৭২০ টাকায় বিক্রয় করায় বিক্রেতা এতে বিক্রয়মূল্যের $\frac{৫}{১২}$ অংশ ক্ষতি হলো। প্যান্টটির ক্রয়মূল্য কত? [পরিবার পরিকল্পনা সহকারী পরিদর্শক-১৫]
ক. ১০০২ টাকা খ. ১০২০ টাকা
গ. ১০৩০ টাকা ঘ. ১১২০ টাকা উ: খ

৪. একটি দ্রব্য ১০৪৭০ টাকায় বিক্রয় করায় বিক্রেতার ২০% ক্ষতি হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত? [প.ম. (সহকারী পরিচালক): ২০১৯]
ক. ১৩০৮৭.৫ খ. ২৩৩০
গ. ১৩৫০.৫ ঘ. ১৩৩৩.৩৩ উ: ক

৫. ১টি সাইকেল ১০% লাভে বিক্রয় করা হলো। সাইকেলটি যদি আরও ১৯৬ টাকা বেশি মূল্যে বিক্রি করা হতো তাহলে ১৪% লাভ হতো। সাইকেলটির ক্রয়মূল্য কত ছিল? [জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা (শ্রম পরিদপ্তর)-'০৯]
ক. ৪৯০০ টাকা খ. ৪৫০০ টাকা
গ. ৩৬০০ টাকা ঘ. ৬৭০০ টাকা উ: ক

৬. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রি করাতে ২০% ক্ষতি হলো। এটি ৬০ টাকা বেশি মূল্যে বিক্রি করতে পারলে ১০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ (তৃতীয় পর্যায়)- ১৯]
ক. ১৬০ খ. ২০০
গ. ২২০ ঘ. ৩০০ উ: খ

৭. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত? [১৫তম প্রভাষক নিবন্ধন- ২০১৯]
ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৩৫০ টাকা ঘ. ৪০০ টাকা উ: খ

# টাইপ-০২ বিক্রয়মূল্য সংক্রান্ত

## টপিক সংক্রান্ত গুরুত্বপূর্ণ উদাহরণ

### (i) লাভে বিক্রয় মূল্য

➤ $\text{বিক্রয়মূল্য} = \frac{\text{শতকরা লাভে বিক্রয়মূল্য}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$

১. সোহেল সাহেব ১২৫০০ টাকায় একটি চেয়ার ক্রয় করে কত টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হবে?
ক. ১২৯০০ টাকা খ. ১১৮৫০ টাকা
গ. ১৪৩৭৫ টাকা ঘ. ১২৮০০ টাকা উ: গ

**সমাধান:**
১৫% লাভে বিক্রয়মূল্য ১১৫ টাকা
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১৫ টাকা
১ " " " $\frac{১১৫}{১০০}$ "
∴ ৭৬০ " " " $\frac{১১৫ \times ১২৫০০}{১০০}$
$= ১৪৩৭৫$ টাকা।

**শর্টকাট:**

$\text{বিক্রয়মূল্য} = \frac{\text{শতকরা লাভে বিক্রয়মূল্য}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$

$= \frac{১০০ + ১৫}{১০০} \times ১২৫০০$

$= \frac{১১৫}{১০০} \times ১২৫০০ = ১৪৩৭৫$ টাকা।

### (ii) ক্ষতিতে বিক্রয় মূল্য

➤ $\text{বিক্রয়মূল্য} = \frac{\text{শতকরা ক্ষতিতে বিক্রয়মূল্য}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$

২. একটি কলম ১০০ টাকায় ক্রয় করে ৯% ক্ষতিতে বিক্রয় করা হলে বিক্রয়মূল্য কত [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক- ২০১৯]
ক. ৯০ টাকা খ. ৯১ টাকা
গ. ৯২ টাকা ঘ. ৯৩ টাকা উ: খ

**সমাধান:**

$$\text{বিক্রয়মূল্য} = \frac{\text{শতকরা ক্ষতিতে বিক্রয়মূল্য}}{\text{১০০}} \times \text{ক্রয়মূল্য}$$

$$= \frac{\text{১০০ - ৯}}{\text{১০০}} \times \text{১০০} = \text{৯১}$$

**শর্টকাট:**

$$\text{৯\% ক্ষতিতে বিক্রয়মূল্য} = \left(\text{১০০} - \frac{\text{১০০} \times \text{৯}}{\text{১০০}}\right) \text{টাকা}$$

= (১০০ − ৯) টাকা = ৯১ টাকা। **(Ans.)**

### (iii) প্রথমে ক্ষতিতে এবং পরে লাভে বিক্রয় করে বিক্রয় মূল্য

**৩. একটি মোটর সাইকেল ৩৬,০০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। কত টাকায় বিক্রয় করলে ১৬% লাভ হতো?**

ক. ৫৩,০০০ টাকা খ. ৫০,০০০ টাকা
গ. ৫২,২০০ টাকা ঘ. ৫৫,০০০ টাকা **উ: গ**

**সমাধান:**

২০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২০) = ৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$$\text{'' ১ '' '' '' ''} \ \frac{\text{১০০}}{\text{৮০}} \ \text{''}$$

$$\therefore \text{৩৬০০০ '' '' ''} \ \frac{\text{১০০} \times \text{৩৬০০০}}{\text{৮০}} \ \text{''}$$

= ৪৫,০০০ টাকা

আবার, ১৬% লাভে বিক্রয়মূল্য (১০০ + ১৬) = ১১৬ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১৬ টাকা

$$\text{'' ১ '' '' ''} \ \frac{\text{১১৬}}{\text{১০০}}$$

$$\therefore \text{'' ৪৫,০০০ '' '' ''} \ \frac{\text{১১৬} \times \text{৪৫০০০}}{\text{১০০}} \ \text{টাকা}$$

= ৫২,২০০ টাকা

**শর্টকাট:**

$$\text{বিক্রয়মূল্য} = \frac{\text{ক্রয়মূল্য} \times \text{লাভে বিক্রয়মূল্য}}{\text{ক্ষতিতে বিক্রয়মূল্য}}$$

$$= \frac{\text{৩৬০০০} \times \text{১০০+১৬}}{\text{১০০-২০}}$$

$$= \frac{\text{৩৬০০০} \times \text{১১৬}}{\text{৮০}} = \text{৫২,২০০ টাকা}$$



## Teacher's Work

**১. প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?** [১৮তম বিসিএস; মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ে নিয়োগ পরীক্ষা- ২০১৯]

ক. লাভ-লোকসান কিছুই হয়নি খ. ৯০০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৬০০ টাকা **উ: গ**

**২. ১০০ টি কলম ২৫০ টাকায় ক্রয় করে ২০০ টাকায় বিক্রয় করলে শতকরা ক্ষতির হার কত?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা- '১৪; পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক -'১৫]

ক. ২০% খ. ২৫%
গ. ২৭% ঘ. ২৩% **উ: ক**

**৩. এক বাক্স আপেল ২৭৫০ টাকায় বিক্রয় করায় ৪৫০ টাকা ক্ষতি হলো। এক বাক্স আপেল ৩৬০০ টাকায় বিক্রয় করলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?** [প.ম. (সহকারী সাইফার কর্মকর্তা): ২০১৬]

ক. ক্ষতি ৬০০ টাকা খ. লাভ ৪০০ টাকা
গ. ক্ষতি ৪০০ টাকা ঘ. লাভ ২০০ টাকা **উ: খ**

**৪. ৭৫০০ টাকায় একটি মোবাইল ক্রয় করে কত টাকায় বিক্রয় করলে ৯% লাভ হবে?** [ভা.জী.বী. (সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)'২২]

ক. ৯২০০ টাকা খ. ৮১৫০ টাকা
গ. ৭৪৩৫ টাকা ঘ. ৮১৭৫ টাকা **উ: ঘ**

**৫. কোনো বই ৪০ টাকায় বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ৪০% লাভ হবে?** [NSI সহকারী পরিচালক- ২০১৯]

ক. ৭০ টাকা খ. ৮০ টাকা
গ. ৫০ টাকা ঘ. ৬৫ টাকা **উ: ক**

**৬. একটি গাভী ৫৬৫০০ টাকায় ক্রয় করে কত টাকায় বিক্রয়মূল্য করলে ৩% ক্ষতি হবে?** [দুদক (সহকারী পরিচালক)- ২০২০]

ক. ৫৫৫৯০ টাকা খ. ৫৪৮০৫ টাকা
গ. ৫৪৯৯২ টাকা ঘ. ৫৪০৯৩ টাকা **উ: খ**

**৭. ১৯০ টাকায় একটি দ্রব্য বিক্রয় করাতে ৫% ক্ষতি হলো। বিক্রয়মূল্য কত হলে ৫% লাভ হতো?** [স.জ.অ. (কার্য সহকারী) '২২]

ক. ২০৫ খ. ২১৫
গ. ২১০ ঘ. ২২০ **উ: গ**

**৮. একটি বাইসাইকেলের মূল্য ১০,০০০ টাকা। উহা ১০% বাট্টায় ক্রয় করা হলো। তিনমাস ব্যবহারের পর ক্রয়মূল্যের উপর ১৫% বাট্টায় বিক্রি করলে বিক্রয়মূল্য কত ছিল?** [বি.বা.এ.লি. (সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল): ২০২১]

ক. ৫০০০ টাকা খ. ৬৬৫০ টাকা
গ. ৭৬৫০ টাকা ঘ. ৭৫০০ টাকা **উ: গ**

**৯. একজন বই বিক্রেতা একটি বই এর বিক্রয়মূল্যের উপর ৫% ছাড় দিয়ে ক্রয়মূল্যের উপর ২৫% লাভ করল। যদি ঐ বইয়ের ক্রয়মূল্য ৩৮০ টাকা হয়ে থাকে তবে ঐ বই এর বিক্রয়মূল্য কত লেখা ছিল?**

ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ৫০০ টাকা **উ: ঘ**

# টাইপ-০৩ সংখ্যা জাতীয় প্রশ্নের লাভ-ক্ষতি

## টাকায় ক্রয়-বিক্রয় সংক্রান্ত গুরুত্বপূর্ণ সারণি

| প্রথম টেবিল | | | দ্বিতীয় টেবিল | | |
|---|---|---|---|---|---|
| ক্রয় সংখ্যা | বিক্রয় সংখ্যা | লাভের হার | ক্রয় সংখ্যা | বিক্রয় সংখ্যা | লাভের হার |
| ৫ | ৪ | ২৫% | ৬ | ৫ | ২০% |
| ১০ | ৮ | ২৫% | ১২ | ১০ | ২০% |
| ১৫ | ১২ | ২৫% | ১৮ | ১৫ | ২০% |
| ২০ | ১৬ | ২৫% | ২৪ | ২০ | ২০% |
| ২৫ | ২০ | ২৫% | ২৫ | ২৫ | ২০% |

| প্রথম টেবিল | | | দ্বিতীয় টেবিল | | |
|---|---|---|---|---|---|
| ক্রয় সংখ্যা | বিক্রয় সংখ্যা | ক্ষতির হার | ক্রয় সংখ্যা | বিক্রয় সংখ্যা | ক্ষতির হার |
| ৪ | ৫ | ২০% | ৩ | ৪ | ২৫% |
| ৮ | ১০ | ২০% | ৬ | ৮ | ২৫% |
| ১২ | ১৫ | ২০% | ৯ | ১২ | ২৫% |
| ১৬ | ২০ | ২০% | ১২ | ১৬ | ২৫% |
| ২০ | ২৫ | ২০% | ১৫ | ২০ | ২৫% |

## টপিক সংক্রান্ত গুরুত্বপূর্ণ উদাহরণ

১. **১০০ টাকায় ২৫টি আম ক্রয় করে ১০০ টাকায় ২০টি আম বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** [গণপূর্ত অধিদপ্তরের (উপ-সহকারী প্রকৌশলী)- ২০১৮]

ক. ২৫% খ. ১৫%
গ. ১০% ঘ. ২২% **উ: ক**

**সমাধান:**

২৫টি আমের ক্রয়মূল্য = ১০০ টাকা

$\therefore$ ১টি " " $= \frac{১০০}{২৫}$ " = ৪ টাকা

আবার, ২০টি আমের ক্রয়মূল্য = ১০০ টাকা

$\therefore$ ১টি " " $= \frac{১০০}{২০}$ " = ৫ টাকা

৪ টাকায় লাভ করেন = (৫ - ৪) = ১ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{১}{৪}$ টাকা

$\therefore$ ১০০ " " " $= \frac{১ \times ১০০}{৪} = ২৫\%$

**শর্টকাট:**

২০ টাতে লাভ ৫ টা হলে লাভের হার ২৫% ।

উপরের টেবিল দেখুন ।

২. **টাকায় ৪টি করে লিচু কিনে ৫টি করে বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক- ২০১১]

ক. ২৫% খ. ২০%
গ. ৩০% ঘ. ৩৫% **উ: খ**

**সমাধান:**

$\frac{১০০}{\text{বিক্রয় সংখ্যা}} \times$ ক্রয়সংখ্যা ও বিক্রয়সংখ্যার পার্থক্য $= \frac{১০০}{৫}\%$

= ২০%



## Teacher's Work

১. **টাকায় 5টি মার্বেল বিক্রয় করায় 12% ক্ষতি হয়। 10% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?** [৩৮তম বিসিএস]

ক. 4টি খ. 3টি
গ. 2টি ঘ. কোনোটিই নয় **উ: ক**

২. **১০০ টাকায় ১০টি ডিম কিনে ১০০ টাকায় ৮টি ডিম বিক্রয় করলে শতকরা লাভ কত হবে?** [৩৭তম বিসিএস]

ক. ১৬% খ. ২০%
গ. ২৫% ঘ. ২৮% **উ: গ**

৩. **৪ টাকায় ৫টি করে আমড়া কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** [২৭তম বিসিএস]

ক. ৪৫% খ. ৪৮.৫০%
গ. ৫২.৭৫% ঘ. ৫৬.২৫% **উ: ঘ**

৪. **৬টি কমলার ক্রয়মূল্য ৫টি কমলার বিক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক- ২০০৬]

ক. ২৫% খ. ৩২%
গ. ২০% ঘ. ১৭% **উ: গ**

৫. **৮টি কমলার ক্রয়মূল্য ৬টি কমলার বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভ কত?** [রাষ্ট্রায়ত্ত ব্যাংক অফিসার: ০৭]

ক. $৩৩\frac{১}{৩}$ খ. ১৩.৩
গ. ৭৫ ঘ. ২৫ **উ: ক**

৬. **একটি পেন্সিল ১.২৫ টাকায় কিনে ১.৩০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** [ডাক ও টেলিযোগাযোগ, ব্যাংক]

ক. ৪% খ. ৩%
গ. ৫% ঘ. ৬% **উ: ক**





## Unique Question for Student Practice



১. একটি দ্রব্যের বিক্রয় করসহ বিক্রয়মূল্য 616 টাকা। বিক্রয় করের হার 10%। যদি দোকানদার 12% লাভ করে, তবে দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ক.Tk. 500 খ.Tk. 515
গ.Tk. 550 ঘ.Tk. 600 উ: ক

২. একটি দ্রব্য ৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতি কত?
ক. ২০% খ. ২৫%
গ. ৬% ঘ. ৭% উ: ক

৩. একটি ছাগল ৯৬০ টাকায় বিক্রয় করায় ৪০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতির হার কত?
ক. ৪% খ. ৩%
গ. ৫% ঘ. ২% উ: ক

৪. একটি গাড়ির বিক্রয়মূল্য তার ক্রয়মূল্যের ৪/৫ অংশের সমান। শতকরা লাভ বা ক্ষতির হার নির্ণয় কর।
ক. ১৬% ক্ষতি খ. ২০% ক্ষতি
গ. ২৫% ক্ষতি ঘ. ২২% ক্ষতি উ: খ

৫. একটি কলম 25 টাকায় বিক্রয় করলে যে ক্ষতি হয় 35 টাকায় বিক্রিয় করলে তত টাকা লাভ হয়, উহার ক্রয়মূল্য কত?
ক. 26 টাকা খ. 28 টাকা
গ. 30 টাকা ঘ. 32 টাকা উ: গ

৬. ১৬০ টাকার একটি দ্রব্য ক্রয় করলে যদি ১৫% কমিশন পাওয়া যায়, তবে উক্ত দ্রব্যটি ক্রয় করতে কত টাকা লাগবে?
ক. ১৩৫ টাকা খ. ১৪০ টাকা
গ. ১৩৬ টাকা ঘ. ১৩৮ টাকা উ: গ

৭. একটি দ্রব্যের বিক্রয়মূল্য ৯২ টাকা। এতে বিক্রেতার লাভ হয় ১৫%। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ক. ৭০ টাকা খ. ৯০ টাকা
গ. ৮৫ টাকা ঘ. ৮০ টাকা উ: ঘ

৮. টাকায় ৬টি ক্রয় করে টাকায় কয়টা বিক্রয় করলে ২০% লাভ হবে?
ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ২টি উ: গ

৯. ১টি বাড়ি ১৫% লাভে বিক্রয় করা হলো। বাড়িটি যদি আরও ৫৫০০ টাকা বেশি মূল্যে বিক্রি করা হতো তাহলে ১৭% লাভ হতো। বাড়িটির ক্রয়মূল্য কত ছিল?
ক. ২৭৪৯০০ টাকা খ. ২৭৫০০০ টাকা
গ. ২৮৩৬০০ টাকা ঘ. ২৭৬৭০০ টাকা উ: খ

১০. একজন বিক্রেতা পণ্যের মূল ১০% বৃদ্ধি করল। কিন্তু করোনার কারণে পরবর্তী মাসে মূল্য ১০% হ্রাস করা হলো। এতে বিক্রেতার শতকরা কত লাভ বা ক্ষতি হলো?
ক. ১০% ক্ষতি খ. ১০% লাভ
গ. ১% লাভ ঘ. ১% ক্ষতি উ: ঘ

১১. একটি জিনিস ৫৬০ টাকায় বিক্রয় করায় ১২% লাভ হলো। জিনিসটির ক্রয়মূল্য কত টাকা?
ক. ৫০০ খ. ৫১২
গ. ৫২০ ঘ. ৫২৫ উ: ক

১২. একটি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত?
ক.৩৫০০ খ. ৩২০০
গ. ২৫০০ ঘ. ৩০০০ উ: ঘ

১৩. একখানা গাড়ির মূল্য ১,৫০০ টাকা ও একটা ঘোড়ার মূল্য ২,০০০ টাকা। যদি গাড়ির মূল্য শতকরা ৫ টাকা ও ঘোড়ার মূল্য শতকরা ৮ টাকা বৃদ্ধি পায়, তবে গাড়ি ও ঘোড়ার মূল্য একত্রে কত হবে?
ক. ৩,৫৩৭ খ. ৩,৭৩৫
গ. ৩,৫৯৭ ঘ. ৩,৭৭৫ উ: খ

১৪. একটি কলম ২৭০ টাকায় বিক্রয় করাতে ১০% ক্ষতি হয়, কলমটির ক্রয় মূল্য কত?
ক. ২৪৩ টাকা খ. ২৭৩ টাকা
গ. ২৯৭ টাকা ঘ. ৩০০ টাকা উ: ঘ

১৫. একটি জিনিস ২৫ টাকায় বিক্রি করায় ২৫% লাভ হল, জিনিসটির ক্রয়মূল্য কত?
ক. ২০ টাকা খ. ২৪ টাকা
গ. ২৮ টাকা ঘ. ৩০ টাকা উ: ক

১৬. একটি দ্রব্য বিক্রি করে বিক্রেতার ১০% ক্ষতি হলো। বিক্রয়মূল্য ১৩৫ টাকা বেশি হলে বিক্রেতার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ক. ৪০০ টাকা খ. ৪৪০ টাকা
গ. ৪৫০ টাকা ঘ. ৪৮০ টাকা উ: গ

১৭. ৫৬০ টাকায় একটি চেয়ার কিনে কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?
ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা
গ. ৭০০ টাকা ঘ. ৮০০ টাকা উ: গ

১৮. একটি দ্রব্যের বিক্রয়মূল্যের এবং ক্রয়মূল্যের পার্থক্য ১২০ টাকা হলে, ২০% হারে লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য কত?
ক. ৭০০ টাকা খ. ৭১০ টাকা
গ. ৭২০ টাকা ঘ. ৭৩০ টাকা উ: গ

১৯. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হলে, এক কুড়ি কলার বিক্রয় মূল্য কত হবে?
ক. ৬০ টাকা খ. ৭২ টাকা
গ. ৬২ টাকা ঘ. ৭৫ টাকা উ: খ

২০. ২৫০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনে ২৫% লাভে বিক্রয় করলে, গাড়িটির বিক্রয়মূল্য কত?
ক. ৩১২৫ টাকা খ. ৩২২৫ টাকা
গ. ৩৩২৫ টাকা ঘ. ৩৫২৫ টাকা উ: ক

২১. একটি শার্টের ধার্যমূল্য ১২.৫০ টাকা। কিন্তু শার্টটি ১০ টাকায় বিক্রয় করা হলো। ধার্যমূল্যের সাপেক্ষে শতকরা কত ছাড় দেওয়া হলো?
ক. ২% খ. ২.৫%
গ. ২০% ঘ. ২৫% উ: গ



২২. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়?
ক. ২৫ টাকা খ. ৪৫ টাকা
গ. ৫৫ টাকা ঘ. ৩৫ টাকা উ: ঘ

২৩. ২৫% লাভে কোনো জিনিস ১৫ টাকায় বিক্রয় করলে বিক্রেতার কত টাকা লাভ হবে?
ক. ৩ টাকা খ. ৪ টাকা
গ. ৫ টাকা ঘ. ৬ টাকা উ: ক

২৪. তানিম ৯০ টাকায় ৩০টি কমলা কেনার পর বাড়ি এসে দেখল ২০% কমলা পঁচা। এরপর সে কমলাগুলো ৬০ টাকা ডজন দরে বিক্রি করলো। এতে তার কত টাকা লাভ হলো?
ক. ৩০ টাকা খ. ২০ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৩৫ টাকা উ: ক

২৫. মহির প্রতি ডজন ৩০ টাকা দরে ৮ ডজন এবং ২৫ টাকা দরে ১২ ডজন ডিম ক্রয় করে প্রতি ডজন ডিম কি দরে বিক্রয় করলে গড়ে তার ডজন প্রতি ৩ টাকা লাভ হবে?
ক. ২৫ টাকা খ. ২৭ টাকা
গ. ৩০ টাকা ঘ. ৩২ টাকা উ: গ

২৬. এক ডজন ডিমের বিক্রয়মূল্যে ২০টি ডিম ক্রয় করে শতকরা কত লাভ হবে?
ক. ৬৬$\frac{২}{৩}$ টাকা খ. ২২$\frac{২}{৩}$ টাকা
গ. ৩৩$\frac{২}{৩}$ টাকা ঘ. ২৩$\frac{১}{৩}$ টাকা উ: ক

২৭. একটি কলম ৫০ টাকায় ক্রয় করে ৫৬ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত লাভ হলো?
ক. ৮% খ. ৯%
গ. ১০% ঘ. ১২% উ: ঘ

২৮. টাকায় ৪টি এবং টাকায় ৬টি দরে সমান সংখ্যক আমড়া কিনে এক ব্যক্তি টাকায় ৫টি করে বিক্রয় করলে তার লাভ ক্ষতির পরিমাণ কত?
ক. ৪% ক্ষতি খ. ৪% লাভ
গ. ৮% লাভ ঘ. ৮% লাভ উ: ক

২৯. একটি জিনিস ২৫০ টাকায় ক্রয় করে ২৮০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক. ১০% খ. ১২%
গ. ১৫% ঘ. ২০% উ: খ

৩০. টাকায় ১০টা দরে কোন দ্রব্য ক্রয় করে টাকায় ৮টা দরে বিক্রয় করলে, শতকরা কত লাভ হবে?
ক. ৮ খ. ১০
গ. ২০ ঘ. ২৫ উ: ঘ

৩১. ২০ টাকায় ১২টি আমড়া কিনে প্রতিটি ২টাকা করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
ক. ১২$\frac{১}{২}$% খ. ১৫%
গ. ২০% ঘ. ১০% উ: গ

৩২. প্রতি কুড়ি কমলা ৮০ টাকা দরে কিনে প্রতি ডজন ৬০ টাকায় বিক্রি করলে শতকরা কত টাকা লাভ বা ক্ষতি হবে?
ক. ২০% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% লাভ ঘ. ২৫% ক্ষতি উ: গ

৩৩. একটি পেন্সিল ১.২৫ টাকায় কিনে ১.৩০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
ক. ১০% খ. ৮%
গ. ৫% ঘ. ৪% উ: ঘ

৩৪. এক ডজন কলা ৩৭.৫০ টাকায় ক্রয় করে ৩৯.৭৫ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক. ৩% খ. ১২%
গ. ৬% ঘ. ১৫% উ: গ

৩৫. ২৫ সের যে দরে কেনা যায়, ২০ সের চাল সে দরে বিক্রি করলে শতকরা কত লাভ হয়?
ক. ২৫% খ. ১৮%
গ. ২০% ঘ. ২৮% উ: ক

৩৬. করিম সাহেব ধার্যমূল্য থেকে ২০% কম দামে একটি দ্রব্য বিক্রয় করেন। যদি কোনো দ্রব্যের ক্রয়মূল্য ৮০ টাকা হয়, তবে ২০% লাভে বিক্রয় করতে হলে তার ধার্যমূল্য কত হবে?
ক. ১১০ টাকা খ. ১০০ টাকা
গ. ১২০ টাকা ঘ. ১৩০ টাকা উ: গ

৩৭. টাকায় ৫টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে বিক্রয় করলে ২৫% লাভ হবে?
ক. ৬টি খ. ৫টি
গ. ৪টি ঘ. ৩টি উ: গ

৩৮. প্রতি ডজন কলা ২৪ টাকায় ক্রয় করে প্রতি কুড়ি কি দরে বিক্রয় করলে ২৫% লাভ হবে?
ক. ৪০ টাকা খ. ৪৫ টাকা
গ. ৪২ টাকা ঘ. ৫০ টাকা উ: ঘ

৩৯. ৪ টাকায় ১ টি করে কমলা কিনে ২৪ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে ২০% লাভ হবে?
ক. ৫ টি খ. ৩ টি
গ. ২ টি ঘ. কোনটি নয় উ: ক

৪০. ৮ টি দ্রব্য ৫ টাকায় ক্রয় করে ১৬ টি দ্রব্য কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে?
ক. ৬০ টাকা খ. ১১ টাকা
গ. ২০ টাকা ঘ. ২২ টাকা উ: খ

৪১. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?
ক. ১৫ টাকা খ. ১১ টাকা
গ. ২৫ টাকা ঘ. ২২ টাকা উ: ঘ

৪২. টাকায় ৩ টি করে লেবু কিনে টাকায় ২ টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
ক. ১৬% খ. ২০%
গ. ৫০% ঘ. ২৮% উ: গ

৪৩. ১০০ টাকায় ১৫ টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২ টি কমলা বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ক. ২০% লাভ খ. ২০% ক্ষতি
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ উ: ঘ

৪৪. এক ব্যক্তি কোনো দ্রব্যের ধার্যমূল্যের উপর ৮% কমিশন দিয়েও ১৫% লাভ করে। যে দ্রব্যের ক্রয় মূল্য ২৮০.০০ টাকা তার ধার্যমূল্য কত টাকা?
ক. ৩২৫.০০ খ. ৩৫০.০০
গ. ৪০০.০০ ঘ. ৫৬০.০০ উ: খ

# Home Work

১. একটি মোটর সাইকেল ১২% ক্ষতিতে বিক্রয় করা হলো। যদি বিক্রয়মূল্য ১২০০ টাকা বেশি হতো, তাহলে ৮% লাভ হতো। মোটর সাইকেলটির ক্রয়মূল্য- [৪০তম বিসিএস]
ক. ৬০০০ টাকা খ. ৫০০০ টাকা
গ. ৪০০০ টাকা ঘ. ৮০০০ টাকা উ: ক

২. টাকায় ৬টি মার্বেল বিক্রি করায় ২০% ক্ষতি হয়। ২০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে? [৩৮তম বিসিএস]
ক. ৪টি খ. ৩ টি
গ. ২ টি ঘ. কোনটি নয় উ: ক

৩. টাকায় ৩টি করে কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে? [৩২তম, ২৬তম ও ১০ম বিসিএস]
ক. ৫০% খ. ৩০%
গ. ৩৩% ঘ. ৩১% উ: ক

৪. ৪ টাকায় ৫ টি করে ক্রয় করে ৫ টাকায় ৪ টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [২৭তম বিসিএস]
ক. ৫০% খ. ৫২.২৫%
গ. ৫৬.২৫% ঘ. ৬০% উ: গ

৫. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল। ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয় মূল্য কত ছিল? [২৪তম বিসিএস]
ক. ১২৮০ টাকা খ. ১৩১১ টাকা
গ. ১৩৬৫ টাকা ঘ. ১৪২৫ টাকা উ: খ

৬. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত? [২২তম বিসিএস]
ক. ৪% খ. ৬%
গ. ৫% ঘ. ৭% উ: গ

৭. একজন দোকানদার 110 টাকা কেজি দরের কিছু চায়ের সঙ্গে 100 টাকা কেজি দরের দ্বিগুণ পরিমাণ চা মিশ্রিত করে তা 120 টাকা কেজি দরে বিক্রি করে মোট 2,000 টাকা লাভ করে। দোকানদার দ্বিতীয় প্রকারের চা কত কেজি ক্রয় করেছিল? [২১তম বিসিএস]
ক. 100 কেজি খ. 80 কেজি
গ. 50 কেজি ঘ. 60 কেজি উ: খ

৮. ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = ৫ : ৬; এতে শতকরা কত লাভ হয়? [সহকারী আবহাওয়াবিদ: '০৭]
ক. ২০% খ. ২১%
গ. ২৫% ঘ. কোনোটিই নয় উ: ক

৯. ৩০ মিটার কাপড় যে মূল্যে ক্রয় করে, সেই মূল্যে ২০ মিটার কাপড় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. ৫০% খ. ২৫%
গ. ২৫.৫% ঘ. ৩৫.৫% উ: ক

১০. ২০টি পণ্যের ক্রয়মূল্য ১৫টি পণ্যের বিক্রয়মূল্যের সমান। বিক্রেতার শতকরা কত লাভ হয়? [Bangladesh Bank Assistant Director: 12]
ক. ৩২.২% খ. ১২.১%
গ. ৩৩.৩% ঘ. ৪৮.৩% উ: গ

১১. ২০ টাকায় ১২ টি করে কোন জিনিস ক্রয় করে প্রতিটি ২ টাকা দরে বিক্রি করলে শতকরা কত লাভ হবে? [সমাজসেবা, সহ: পরিদর্শক]
ক. ১৮ টাকা খ. ১৯ টাকা
গ. ২০ টাকা ঘ. ২২ টাকা উ: গ

১২. টাকায় ৫টি জিনিস ক্রয় করে টাকায় ৪টি বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [কৃষি মন্ত্রণালয়ের অধীন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর- ২০১৯ / পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী/পরিবার পরিকল্পনা পরিদর্শক: ২০১৮]
ক. ২০% খ. ২৫%
গ. ৩০% ঘ. ৩৫% উ: খ

১৩. টাকায় ৬টি জিনিস ক্রয় করে টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [সমাজসেবা অধিদপ্তরের হাউজ প্যারেন্ট কাম টিচার: ২০১৮]
ক. ১০% খ. ৪০%
গ. ২৫% ঘ. ৫০% উ: ঘ

১৪. টাকায় ১২টি করে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে লেবু বিক্রয় করলে শতকরা ২০ টাকা লাভ হবে? [বেসামরিক বিমান মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা- ২০১৯; পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা: '০৮]
ক. ৮টি খ. ১৫টি
গ. ১০টি ঘ. ১২টি উ: গ

১৫. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রি করলে, ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত হবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়, ডাক অধিদপ্তর, সংস্থাপন মন্ত্রণালয়]
ক. ২ : ৫ খ. ৪ : ৫
গ. ৪ : ৭ ঘ. ৬ : ১১ উ: খ

১৬. একটি দ্রব্য ২৫০ টাকায় বিক্রয় করায় ২৫% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত? [BB: AD]
ক. ১০০ টাকা খ. ১৯০ টাকা
গ. ২০০ টাকা ঘ. ২১০ টাকা উ: গ

১৭. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত? [যোগাযোগ মন্ত্রণালয়, সাব রেজিস্টার, ব্যাংক, স্থানীয় সরকার]
ক. ৩০০ টাকা খ. ৩৫০ টাকা
গ. ৩৮০ টাকা ঘ. ৪০০ টাকা উ: ক

**১৮. একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলে, ঘড়িটির ক্রয়মূল্য কত?** [ব্যাংক, নিবন্ধন]

ক. ৫০০ টাকা　খ. ৬০০ টাকা
গ. ৬৮০ টাকা　ঘ. ৭০০ টাকা　**উ: ঘ**

**১৯. একটি টেবিল ১০% ক্ষতিতে বিক্রি করা হলো। বিক্রয়মূল্য ৬০ টাকা বেশি হলে ৫% লাভ হত। টেবিলটির ক্রয়মূল্য কত?** [মহা হিসাব নিরীক্ষক]

ক. ৩০০ টাকা　খ. ৪০০ টাকা
গ. ৪৫০ টাকা　ঘ. ৪৮০ টাকা　**উ: খ**

**২০. ২০ টাকায় ১২টি আমড়া কিনে প্রতিটি ২ টাকা করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠন ১৯]

ক. ১২.৫%　খ. ১৫%
গ. ২০%　ঘ. ১০%　**উ: গ**

**২১. একটি কলম ২৫ টাকায় ক্রয় করে ২১ টাকায় বিক্রয় করলে শতকরা ক্ষতি কত?** [উপজেলা সমাজসেবা অফিসার -২১]

ক. ১৪%　খ. ১৫%
গ. ১৬%　ঘ. ১৭%　**উ: গ**

**২২. কোন জিনিসের ক্রয়মূল্য বিক্রয়মূল্যের $\frac{৪}{৫}$ অংশ হলে, শতকরা লাভের হার কত?** [সঞ্চয় অধিদপ্তর]

ক. ২০%　খ. ২৫%
গ. ২২%　ঘ. ৩৫%　**উ: খ**

**২৩. টাকায় ৬ টি লেবু ক্রয় করে টাকায় ৫ টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পাসপোর্ট]

ক. ১৫%　খ. ১৮%
গ. ২৫%　ঘ. ২০%　**উ: ঘ**

**২৪. একজন দোকানদার ৫ টি লেবু যে মূল্যে ক্রয় করে, ৪ টি লেবু সেই মূল্যে বিক্রয় করে। তার শতকরা কত লাভ হবে?** [থানা শিক্ষা অফিসার, PSC, দুর্নীতি দমন কমিশন, নিবন্ধন, শ্রম অধিদপ্তর]

ক. ১৫%　খ. ১৮%
গ. ২৫%　ঘ. ২০%　**উ: গ**

**২৫. ১০০ টাকায় ২৫ টি করে কমলা ক্রয় করে ১০০ টাকায় ২০ টি কমলা বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** [বন অধিদপ্তর]

ক. ১৬%　খ. ১৮%
গ. ২৫%　ঘ. ২০%　**উ: গ**

**২৬. ১০ টাকায় ১২ টি করে কোন জিনিস ক্রয় করে ১০ টাকায় ৮ টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?** [মহা হিসাব, নিবন্ধন]

ক. ৫০ টাকা লাভ　খ. ৫০ টাকা ক্ষতি
গ. ৬০ টাকা লাভ　ঘ. ৬০ টাকা ক্ষতি　**উ: ক**

**২৭. ৫ টাকায় ২ টি দরে লেবু ক্রয় করে ৩৫ টাকায় কয়টি বিক্রি করলে ৪০% লাভ হবে?** [পিএসসি]

ক. ০৮টি　খ. ১২টি
গ. ১৫টি　ঘ. ১০টি　**উ: ঘ**

**২৮. একটি দ্রব্য ১৫০ টাকায় ক্রয় করে ১২০ টাকায় বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হয়?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা- ২০]

ক. ২০%　খ. ২৬%
গ. ২৭%　ঘ. ২৮%　**উ: ক**

**২৯. ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা ক্ষতির পরিমাণ কত?**

ক. ২৫%　খ. ৭৫%
গ. ৫০%　ঘ. ৩৫%　**উ: গ**

**৩০. ৫০ টি কলম ২০০ টাকায় কিনে ২৫ টি কলম ৫০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?** [পরিসংখ্যান ব্যুরো]

ক. ৩০% ক্ষতি　খ. ৪০% ক্ষতি
গ. ৪৫% ক্ষতি　ঘ. ৫০% ক্ষতি　**উ: ঘ**

**৩১. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হলো, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত?** [বেসরকারি রেজিস্ট্রেশন প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ২১]

ক. ৬০ টাকা　খ.৭২ টাকা
গ. ৬২ টাকা　ঘ.৭৫ টাকা　**উ: খ**

**৩২. একজন দোকানদার তার ক্রয়মূল্যের উপর ২২.৫% লাভের প্রত্যাশা করল। যদি সে এক সপ্তাহে ৩৯২ টাকা বিক্রয় করে তবে তার লাভের পরিমাণ কত?** [RAKUB Senior Officer-15]

ক. ১৮.২০　খ. ৭০
গ. ৭২　ঘ. ৮৮.২৫　**উ: গ**

# Class  Test

**১.** **একখানা গাড়ির মূল্য ১,৫০০ টাকা ও একটা ঘোড়ার মূল্য ২,০০০ টাকা। যদি গাড়ির মূল্য শতকরা ৫ টাকা ও ঘোড়ার মূল্য শতকরা ৮ টাকা বৃদ্ধি পায়, তবে গাড়ি ও ঘোড়ার মূল্য একত্রে কত হবে?**
ক. ৩,৫৩৭ খ. ৩,৭৩৫
গ. ৩,৫৯৭ ঘ. ৩,৭৭৫

**২.** **একটি দ্রব্যের বিক্রয়মূল্যের এবং ক্রয়মূল্যের পার্থক্য ১২০ টাকা হলে, ২০% হারে লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য কত?**
ক. ৭০০ টাকা খ. ৭১০ টাকা
গ. ৭২০ টাকা ঘ. ৭৩০ টাকা

**৩.** **একটি দ্রব্য ৯৬০ টাকায় বিক্রয় করায় ৪০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতির হার কত?**
ক. ৪% খ. ৩%
গ. ৫% ঘ. ২%

**৪.** **একটি দ্রব্য 500 টাকায় ক্রয় করে 10% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য 10% কম হলে, কত লাভ হত?**
ক. 105 টাকা খ. 110 টাকা
গ. 100 টাকা ঘ. 120 টাকা

**৫.** **একটি কলম ১১ টাকায় বিক্রয় করলে ১১০% লাভ হয়। কলমটির ক্রয়মূল্য কত?**
ক. ১২ খ. ১০
গ. ৯ ঘ. ১৩

**৬.** **একটি ছাগল ২৭৬ টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হয়। ছাগলটি ক্রয়মূল্য কত?**
ক. ২০০ টাকা খ. ২২০ টাকা
গ. ২৩০ টাকা ঘ. ২৪০ টাকা

**৭.** **একটি ছাতা ৩৭৮ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৪৫০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ লাভ হয়। ছাতাটির ক্রয়মূল্য কত?**
ক. ৩৬৯ টাকা খ. ৩৯৬ টাকা
গ. ৬৩৯ টাকা ঘ. ৬৯৩ টাকা

**৮.** **১০০ টাকায় ১০ টি ডিম কিনে ১০০ টাকায় ৮টি ডিম বিক্রি করলে শতকরা কত লাভ হবে?**
ক. ১৬% খ. ২০%
গ. ২৫% ঘ. ২৮%

**৯.** **একটি জিনিস ২৫০ টাকায় ক্রয় করে ২৮০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?**
ক. ১০% খ. ১২%
গ. ১৫% ঘ. ২০%

**১০.** **করিম সাহেব ধার্যমূল্য থেকে ২০% কম দামে একটি দ্রব্য বিক্রয় করেন। যদি কোনো দ্রব্যের ক্রয়মূল্য ৮০ টাকা হয়, তবে ২০% লাভে বিক্রয় করতে হলে তার ধার্যমূল্য কত হবে?**
ক. ১১০ টাকা খ. ১০০ টাকা
গ. ১২০ টাকা ঘ. ১৩০ টাকা

biddabari

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | ক |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | ঘ |
| ৭ | খ |
| ৮ | গ |
| ৯ | খ |
| ১০ | গ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর গাণিতিক যুক্তি অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

Biddabari your success benchmark



